বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩৯

তারিখ: ১৯ নভেম্বর ২০২৬ / ০৪ অগ্রহায়ণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

অনাদায়ী ঋণ আদায়/ সমন্বয়ে বিশেষ এক্সিট সংক্রান্ত নীতিমালা

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৩ তারিখ: ২৯ জুন ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ব্যাংকিং খাতের খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত অনাদায়ী ঋণ আদায়/ সমন্বয়ে বিশেষ এক্সিট সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। এক্ষণে, উক্ত নীতিমালার যথাযথ বাস্তবায়নের মাধ্যমে খেলাপী ঋণ আদায় ত্বরান্বিত করার নিমিত্ত এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৩/২০২৬ এর অনুচ্ছেদ নং-৩(ক, খ, গ এবং ঘ) এ বর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণপূর্বক ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে বিশেষ এক্সিট প্রদান করা যাবে। এতদ্ব্যতীত, উক্ত সার্কুলার লেটারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৩। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ও ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোন: ৯৫৩০২৫২